

# Times Today BD

এম এস রহমান | রাজশাহী | 22 April, 2025

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের সমন্বিত গুচ্ছ পদ্ধতির প্রথমবর্ষের স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষার যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করেছে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। আগামী শুক্রবার (২৫ এপ্রিল) 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠানের মধ্য দিয়ে তিন ধাপের প্রথম ধাপের পরীক্ষা শুরু হবে।

ভর্তি পরীক্ষা উপলক্ষে মঙ্গলবার (২২ এপ্রিল) সরকারের প্রশাসন ও আইন শৃঙ্খলা বাহিনীর সঙ্গে এক মতবিনিময় সভায় বিশ্ববিদ্যালয় প্রশাসন পরীক্ষার প্রস্তুতির কথা তুলে ধরেন।

সকাল দশটায় উপাচার্য কার্যালয়ে উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুল-আওয়াল এর সভাপতিত্বে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ, জেলা প্রশাসন, পুলিশ প্রশাসনসহ সরকারের আইন শৃঙ্খলা বাহিনীর সঙ্গে মতবিনিময় সভা করেন। সভায় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে পরীক্ষার যাবতীয় প্রস্তুতির তথ্য অবহিত করা হয়।

উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুল-আওয়াল জানান, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের গুচ্ছ পদ্ধতির প্রথমবর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষার আওতায় পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কেন্দ্রে আগামী শুক্রবার সি ইউনিটের (বাণিজ্য) পরীক্ষা সকাল ১১টা থেকে ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। বি ইউনিটের (মানবিক) পরীক্ষা আগামী ০২ মে এবং এ ইউনিটের (বিজ্ঞান) পরীক্ষা আগামী ০৯ মে যথারীতি সকাল ১১ থেকে দুপুর ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। তবে স্থাপত্য বিভাগের আবেদনকারীদের পরীক্ষা ০৯ মে বিকাল ৩.০০ মি. থেকে বিকাল ৪.০০ মি. পর্যন্ত অনুষ্ঠিত হবে।

তিনি আরো জানান, পরীক্ষার্থীরা যাতে সহজেই রুম নম্বর চিহ্নিত করতে পারে সেজন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। পরীক্ষার্থীরা হলে লেভেল বিহীন (বোতলের গায়ে নাম সম্বলিত কাগজ) পানির বোতল কেন্দ্রে নিতে পারবেন। সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ, ফায়ার সার্ভিস এবং সার্বক্ষণিক মেডিকেল টিম থাকবে। পরীক্ষা কেন্দ্রের দায়িত্বপ্রাপ্তরা ১৫ মিনিট পরপর সময়ের বিষয়টি উল্লেখ করবেন। পরীক্ষার্থীদের নিজস্ব বহনকারী গাড়ি পার্কিং করা যাবে ক্যালিকো কটন মিল ও তার বিপরীত পাশের মাঠে। অভিভাবকদের জন্য শেডে বসা ও পানি পানের ব্যবস্থা থাকবে।

জেলা প্রশাসন, পুলিশ প্রশাসনসহ আইন শৃঙ্খলা বাহিনীর পক্ষ থেকে জানানো হয়, পরীক্ষার আগের দিন ফটোকপিয়ার মেশিন বন্ধ থাকবে। পুলিশ প্রশাসন ট্রাফিক ব্যবস্থা নিয়ন্ত্রণ করবেন। ছাত্রাবাসগুলোতে নজরদারী বাড়ানো হবে। কোনরকম ডিভাইস কেন্দ্রে নেওয়া যাবে না। পরীক্ষা কেন্দ্রে মেটাল ডিটেক্টর থাকবে। নারী ও পুরুষ পুলিশ সদস্য, আসনার সদস্য ও রোভার স্কাউট থাকবে।

সভায় উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান, বিভিন্ন অনুষদের ডিন, পরীক্ষা সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট ও কো-ফোকাল পয়েন্ট, রেজিস্ট্রার, প্রক্টর, ছাত্র উপদেষ্টা দপ্তরের পরিচালক, আইসিটি সেলের পরিচালক, হল প্রভোস্ট, ভর্তি পরীক্ষা কমিটির সঙ্গে সংশ্লিষ্ট শিক্ষকরা উপস্থিত ছিলেন। এছাড়া অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) উম্মে তাবাসসুম, পুলিশ প্রশাসনের পক্ষে অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) শরিফুল ইসলামসহ আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

সভায় উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুল-আওয়াল বলেন, পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও সুশৃঙ্খলভাবে আয়োজনের জন্য আমাদের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী, প্রক্টরিয়াল বডি, সরকারের বিভিন্ন আইন শৃঙ্খলা বাহিনী, পরীক্ষার সাথে সংশ্লিষ্ট সকল মহল সর্বোপরি পাবনাবাসী সর্বাত্মক সহযোগিতা করছেন। সকলের সহযোগিতায় সুষ্ঠু, সুন্দরভাবে পরীক্ষা

সম্পন্ন হবে বলে আমি বিশ্বাস করি।

গুচ্ছ পদ্ধতি ভর্তি পরীক্ষা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:39

URL: <https://www.timestodaybd.com/rajshahi/7758071257>